

একই স্মারক ও একই তারিখে প্রতিস্থাপিত হবে।



বিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, বিনাইদহ

ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office),

ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২০.৫৬০৮

তারিখঃ ১১ ভাদ্র' ১৪২৭ বঙ্গাব্দ
২৬ আগস্ট' ২০২০ খ্রিঃ

বিষয়ঃ মিটার কার্ড সরবরাহের নিমিত্তে রিকয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান প্রসংগে।

বিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা, স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী মিটার কার্ড সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	উদ্ধৃত দর	
			একক দর (টাকা)	মোট দর (টাকা)
G-20-21-48-49-002	মিটার কার্ডঃ সাইজঃ ৮ ইঞ্চি x ৬ ইঞ্চি বক্স বোর্ড (সরবরাহকৃত নমুনা মোতাবেক)	৩,০০,০০০ (তিন লক্ষ)		
সর্বমোট=				

কথায়ঃ

- ০১) দরপত্র সমূহ আগামী ০২/০৯/২০২০ খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, বিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, বিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ০২/০৯/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩) খামের উপর “মিটার কার্ড সরবরাহের কোটেশন” শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৫) মালামাল অবশ্যই নির্ধারিত মানের নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে। মালামালের সঠিক নমুনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের নিকট হতে জেনে/দেখে দর উদ্ধৃত করতে হবে।
- ০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮) কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব শাস্তি কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

চলমান পাতা-০২

- ১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীতকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাঃ/-

(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
- ০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
- ০৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, ঝিনাইদহ।
- ০৯) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
- ১০) ডিজিএম, কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
- ১১) এজিএম (ওএন্ডএম), হরিণাকুন্ডু/ কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ১২) এজিএম (অর্থ), ঝিনাইদহ পবিস।
- ১৩) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৪) মেসার্স-----।
- ১৫) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১৬) অফিস কপি/ মাস্টার কপি।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের
ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)